## পরিশিষ্ট
# লেখকের জীবনকথা

### জন্ম ও পারিবারিক পরিচয়

কথাশিল্পী নারায়ণ গঙ্গোপাধ্যায়। প্রকৃত নাম তারকনাথ গঙ্গোপাধ্যায়। জন্ম ১৯১৮ সালের ৪ ফেব্রুয়ারি, দিনাজপুরের বালিয়াডাঙ্গিতে। পিতৃভূমি বরিশালের বাসুদেবপুরের নলচিরায়। ছেলেবেলায় তাঁর ডাক নাম 'নাড়ু'। 'সুনন্দ' তাঁর ছদ্মনাম। বাবা প্রমথনাথ গঙ্গোপাধ্যায় ছিলেন পুলিশের দারোগা। মা বিন্ধ্যবাসিনী দেবী। বাবা-মায়ের অষ্টম সন্তান তিনি। তাঁর দুই অগ্রজ শিশু বয়সেই মারা যায়। বাকি আট ভাইবোন হলেন সতীরানী, নিখিলনাথ, ননীবালা, পুঁটুরানী, শেখরনাথ, তারকনাথ (নারায়ণ), বীণা ও কমলা। ১৯২৫ সালে মাত্র ৮ বছর বয়সে মা-হারা হন। বাবার চাকরি চলে যায় ১৯২৬ সালে। ১৯৩৮-এ বাবা প্রমথনাথ গঙ্গোপাধ্যায় মারা যান। ৯ মে ১৯৪০ তারিখে রেণু মুখোপাধ্যায়ের সঙ্গে বৈবাহিকসূত্রে আবদ্ধ হন। রেণুর বাবা গোপালচন্দ্র মুখোপাধ্যায় আর মা কুমুদিনী। পারিবারিক সম্পর্কে কুমুদিনী ছিলেন সীতারাণীর ননদ। বিয়ের পরের বছর নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কন্যা বাসবী গঙ্গোপাধ্যায় জন্মগ্রহণ করেন। ১৯৪৫ এ আশাদেবী সান্যালকে বিয়ে করেন। ১৯৪৯-এর ১৩ জানুয়ারি আশাদেবীর গর্ভে একমাত্র পুত্র অরিজিৎ গঙ্গোপাধ্যায়ের জন্ম।

### শিক্ষাজীবন

দিনাজপুর মিউনিসিপ্যাল এমই স্কুলে শিক্ষাজীবন শুরু। প্রবেশিকা পর্যন্ত দিনাজপুর জেলা স্কুলে অধ্যয়ন। ১৯৩৩ সালে দিনাজপুর জেলা স্কুল থেকে বাংলায় ৮৪ শতাংশ নম্বরসহ প্রবেশিকা পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হন। এ বছরই আইএ পড়বার জন্য ভর্তি হন ফরিদপুরের রাজেন্দ্র কলেজে। এখানেই তার সঙ্গে পরিচয় ও বন্ধুত্ব গড়ে ওঠে অচ্যুত গোস্বামী ও নরেন্দ্রনাথ মিত্রের। ১৯৩৫ সালে আইএ পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হন। রেভ্যুলেশনারি সাসপেক্ট হিসেবে অন্তরীণ ছিলেন এক বছর। ১৯৩৬ সালে নন-কলেজিয়েট ছাত্র হিসেবে বরিশাল ব্রজমোহন কলেজ থেকে আইএ পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং প্রথম বিভাগে উত্তীর্ণ হন। ১৯৩৮ সালে ব্রজমোহন কলেজ থেকে ডিস্ট্রিংশনসহ বিএ পাস করেন বিকল্প বাংলা ও ঐচ্ছিক বাংলা বিষয়ে সর্বোচ্চ নম্বর পেয়ে। ১৯৩৮ সালেই এমএ পড়বার জন্য

কলকাতা গমন করেন। নরেন্দ্রনাথ মিত্রসহ শোভাবাজার স্ট্রিটের একটি মেসে থাকতেন। কিছুদিন পরে তিনি আমহার্স্ট স্ট্রিটে অধ্যাপক সুরেন্দ্রনাথ ভট্টাচার্যের বাড়িতে ওঠেন। ১৯৪০-এ এমএ পরীক্ষা দেয়া সম্ভব হয় না। ১৯৪১-এ এমএ পরীক্ষায় উত্তীর্ণ হন প্রথম শ্রেণিতে প্রথম হয়ে।

### শৈশব-কৈশোর-যৌবন

বাবার কর্মসূত্রে শৈশব-কৈশোর এবং প্রথম যৌবন কেটেছে বরিশাল, ফরিদপুর ও দিনাজপুরে। শৈশব-কৈশোরেই অর্থাৎ যখন তিনি দিনাজপুর এমই স্কুলের ছাত্র তখনই "গুরুদক্ষিণা" নাটক, "চিত্র-বৈচিত্র্য" নামে কাগজ, সুধীন ঘোষকে সহপাঠী, শরৎ বন্দ্যোপাধ্যায়কে উৎসাহদাতারূপে পাওয়া উল্লেখযোগ্য ঘটনা। ১৯৩০ সালে তার বয়স যখন বারো এবং তিনি অষ্টম শ্রেণির ছাত্র তখন তাঁর "গুরুদক্ষিণা" নাটকটি অভিনীত হয়। যদিও নাটকটি রচনা করেন তারও বেশ আগে, ১৯২৫ সালে। শৈশবেই রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। নিজের স্বীকারোক্তিতে দেশ পত্রিকায় তিনি জানান '...সেদিনের বালক মনে তখন একটিমাত্র সংকল্পই আগুনের অক্ষরে লেখা হয়ে গিয়েছিল। যদি কলম ধরতে হয়, তবে তা দেশের জন্য; যদি লিখতে হয় তবে তা স্বাধীনতার সংগ্রামকে এগিয়ে দেবার জন্য।' যুগান্তর দলের গোষ্ঠীতে যোগ দিয়েছিলেন ১৯৩০-এর অব্যবহিত পরেই। যৌবনে যখন ফরিদপুর রাজেন্দ্র কলেজের ছাত্র তখন অচ্যুত গোস্বামী ও নরেন্দ্রনাথ মিত্রকে পান সহপাঠীরূপে। সদ্য যৌবনে পিতার মৃত্যুর পর তাকে অর্থোপার্জন করতে হয়েছে লেখালেখি করে এমনকি টিউশনি করেও। বাবার সাহচর্যে শৈশব-কৈশোর কেটেছে বিশ্বসাহিত্যের বই আর পত্র-পত্রিকা পড়ে। যৌবনে তার উত্তরণের কালে নরেন্দ্রনাথ মিত্র তার বন্ধু এবং "বীতংস" গল্পের জন্য আশীর্বাদপুষ্ট হন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের।

### কর্মজীবন

১৯৪২ সালে জলপাইগুড়ি আনন্দচন্দ্র কলেজের প্রথম অধ্যাপক হিসেবে যোগদান করেন। প্রথম পূর্ণাঙ্গ উপন্যাস *তিমিরতীর্থ*; বিখ্যাত উপন্যাস *উপনিবেশ* ১ম খণ্ড, ২য় খণ্ড; গল্প "বীতংস", "নক্রচরিত", "হাড়", "পুষ্করা", "দুঃশাসন" এ কলেজে অধ্যাপনাকালেই প্রকাশিত। ১৯৪৫ সালের ৭ কিংবা ৯ জুলাই কলকাতা সিটি কলেজের অধ্যাপক হিসেবে যোগদান করেন। ১৯৫৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রথমত খণ্ডকালীন এবং কয়েকমাসের মধ্যেই পূর্ণকালীন অধ্যাপক হিসেবে যোগ দেন। এখানে অধ্যাপনাকালেই তার কালজয়ী প্রবন্ধগ্রন্থ *সাহিত্য ও সাহিত্যিক* এবং *সাহিত্যে ছোটগল্প* প্রকাশিত হয়। ১৯৬০ সালে এ বিশ্ববিদ্যালয় থেকে ডি. ফিল ডিগ্রি লাভ করেন। ১৯৬৭ সালে কলকাতা

বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের রিডার হিসেবে যোগদান করেন। জীবনের শেষপর্যন্ত কর্মরত ছিলেন এখানেই।

**পুরস্কার-সম্মাননা**

এমএ পরীক্ষায় অসাধারণ কৃতিত্বের জন্য ১৯৪১ সালে ব্রহ্মময়ী স্বর্ণপদক লাভ করেন। এ পরীক্ষায় তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন। ১৯৬৪ সালে সাহিত্যিক হিসেবে আনন্দ পুরস্কার লাভ করেন। ১৯৬৮ সালে সাপ্তাহিক বসুমতী পত্রিকা থেকে সংবর্ধিত হন।

**সাহিত্যচর্চা**

৭ম-৮ম শ্রেণিতে পাঠকালে "গুরুদক্ষিণা" নাটক লেখেন ১৯২৫ সালে এবং ১৯৩০ সালে তা মঞ্চস্থ হয়। হাতে লিখে "চিত্র-বৈচিত্র্য" নামে পত্রিকা প্রকাশ করেন যার সম্পাদক, প্রকাশক ও পাঠক তিনি নিজেই। প্রথম প্রকাশিত রচনা কবিতা। "ডাক" শীর্ষক সে কবিতাটি "মাস পয়লা" পত্রিকায় ছাপা হয় ফেব্রুয়ারি-মার্চ ১৯২৯ সংখ্যায় যখন তিনি দিনাজপুর জেলা স্কুলের ৭ম শ্রেণির ছাত্র। বারো আনা পুরস্কারও পেয়েছিলেন। "দেশ" পত্রিকায় প্রকাশিত তাঁর প্রথম কবিতা "নমস্কার" ৩ মার্চ ১৯৩৪ তারিখে এবং দ্বিতীয় কবিতা "চারণ" প্রকাশিত হয় ১ সেপ্টেম্বর ১৯৩৪-এ। তার প্রথম প্রকাশিত গল্প "নিশীথের মায়া" ছাপা হয় "দেশ" পত্রিকায় ২৫ শ্রাবণ ১৩৪২-এ। ১৯৩৬ এ "বিচিত্রা" পত্রিকায় প্রকাশিত হয় কবিতা "আমি একা বাতায়নে" এবং *নীড় ও দিগন্ত* প্রথম উপন্যাস। ১৯৩৮-এ নরেন্দ্রনাথ মিত্র, বিষ্ণুপদ ভট্টাচার্য ও নিজের কবিতা নিয়ে প্রকাশ করেন "জোনাকী" নামক কাব্যগ্রন্থ। ১৯৩৮-এ "বিভীষিকার মুখে", ১৯৩৯-এ "মরণের মুখোমুখি", এবং ১৯৪০-এ 'ঘূর্ণিপাকে লাল নিশান' রোমাঞ্চকর কাহিনি রচনা করেন অর্থ উপার্জনের উদ্দেশ্যে। অতঃপর জীবনের বাকি ৩০ বছর নিরলস সাহিত্যচর্চায় নিমগ্ন থাকেন। ৩৫ বছরের সাহিত্যচর্চায় তাঁর উল্লেখযোগ্য রচনাসমূহ নিম্নরূপ :

**ক. গল্পগ্রন্থ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বীতংস | ১৩৫২ | ভাঙাবন্দর | ১৩৫২ | দুঃশাসন | ১৩৫২ |
| জন্মান্তর | ১৯৪৬ | ভোগবতী | ১৩৫৪ | কালাবদর | ১৩৫৫ |
| শ্বেতকমল | ১৩৬১ | স্বনির্বাচিত গল্প | ১৩৬১ | গন্ধরাজ | ১৩৬২ |
| ঊর্বশী | ১৩৬৩ | ভাটয়ালী | ১৩৬৪ | শ্রেষ্ঠ গল্প | ১৯৫৭ |
| গল্পসংগ্রহ | ১৯৫৭ | রূপমতী | ১৩৬৬ | সাপের মাথার মণি | ১৩৬৬ |
| শুভক্ষণ | ১৯৬০ | একজিবিশন | ১৩৬৮ | শীলাবতী | ১৩৭১ |
| রাতের মুকুল | ১৩৭১ | ছায়াতরী | ১৩৭৩ | বনজ্যোৎস্না | ১৩৭৬ |
| ঘূর্ণি | ১৩৭৮ | ঘণ্টাদার কাবলুকাকা | ১৯৭২ | লক্ষ্মীর পা | ১৩৮৪ |

### ঘ. প্রবন্ধ সমালোচনা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সাহিত্য ও সাহিত্যিক | ১৩৬৩ | সাহিত্যে ছোটগল্প | ১৩৬৩ | বাংলা গল্প বিচিত্রা | ১৩৬৪ |
| কথাকোবিদ রবীন্দ্রনাথ | ১৩৭৩ | ছোটগল্পের সীমারেখা | ১৩৭৬ | | |

### ঙ. কিশোর রচনা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ঘূর্ণিপাকের লাল নিশান | ১৯৪০ | বিভীষিকার মুখ | ১৯৪০ | সপ্তকাণ্ড | ১৩৫৫ |
| কিশোর গ্রন্থাবলী | ১৩৫৯ | অন্ধকারের আগন্তুক | ১৩৬০ | ছোটদের শ্রেষ্ঠ গল্প | ১৩৬২ |
| মরণের মুখোমুখি | ১৩৬২ | চারমূর্তি | ১৩৬৩ | খুশির হাওয়া | ১৩৬৫ |
| চারমূর্তির অভিযান | ১৯৬০ | হাসির গল্প | ১৯৬১ | রাঘবের জয়যাত্রা | ১৩৭০ |
| ঝাউ বাংলোর রহস্য | ১৩৭০ | হনুলুলুর মাকুদা | ১৩৭২ | ছুটির আকাশ | ১৩৭৩ |
| কম্বল নিরুদ্দেশ | ১৩৭৪ | পঞ্চাননের হাতি | ১৩৭৫ | টেনিদার গল্প | ১৩৭৫ |
| বন বাংলো | ১৩৭৫ | পটলডাঙার টেনিদা | ১৩৭৭ | সবার প্রিয় টেনিদা | ১৯৭১ |
| গল্প বলি, গল্প শোন | ১৩৭৮ | কিশোর সম্ভার | ১৯৭১ | টেনিদা দি গ্রেট | ১৩৭৮ |
| তপন চরিত | ১৯৭৩ | অব্যর্থ লক্ষভেদ এবং | ১৯৭৪ | টেনিদার অভিযান | ১৩৮৫ |
| কিশোর অমনিবাস | ১৩৮৭ | টেনিদা ও ভূতুড়ে কামরা | ১৩৮৮ | ক্রিকেটার টেনিদা | ১৩৯৩ |
| টেনিদার কাণ্ডকারখানা | ১৩৯৭ | কিশোর রচনাসমগ্র | (১৯৭৮-১৯৮৭) | | |

### চ. রম্যরচনা

সুনন্দর জার্নাল ১৩৭৩

### ছ. সম্পাদনা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আমার প্রিয় গল্প | ১৯৪৮ | গরস গল্প | ১৩৬৬ | অর্ধশতাব্দী (যৌথ) | ১৩৬৭ |
| পঞ্চশায়ক | ১৩৭৩ | প্রেমের গল্প | | | |

### জ. কাব্যগ্রন্থ

জোনাকী ১৩৪৫

### ঝ. জীবনী

রামমোহন ১৯৫৫

### মৃত্যু

১৯৭০ এর ৬ নভেম্বর তারিখে সেরিব্রাল স্ট্রোক হয়ে পিজি হাসপাতালে তার জীবনাবসান ঘটে।

[ঋণ স্বীকার : মো. আতাউর রহমান, উত্তম পুরকাইত, শিপ্রা দে, সরোজ দত্ত, সুস্মিতা ঠাকুর]



ISBN 978 984 904 550 2

9 789849 045502

Rokomari.com
নারায়ণ
গঙ্গোপাধ্যায়ের
নারায়ণ গ
191123
13